



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৭.১৫.১৩৯৬

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৯  
১৩ জুলাই ২০২২

বিষয়: গাইবান্ধা জেলা পরিষদে সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র: জেলা পরিষদ, গাইবান্ধা এর স্মারক ডেপ/গাই/২০২১-২২/১৫১৫, তারিখ: ১২ জুন ২০২২।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে গাইবান্ধা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত দু'টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের অনুরোধ করা হয়। কিন্তু, পদসমূহ কবে শূন্য হয়েছে, এ সম্পর্কিত তথ্য উল্লেখ করা হয়নি।

ক্রম	পদের নাম	শূন্য পদ সংখ্যা
১.	সহকারী হিসাব রক্ষক	১ (এক) টি
২.	অফিস সহায়ক	১ (এক) টি
	মোট=	২ (দুই) টি

২। এছাড়া, সুন্দরগঞ্জ উপজেলা সদরে নির্মিত ডাকবাংলোর দারোয়ান কাম কেয়ারটেকার পদে (সাংগঠনিক কাঠামো বহির্ভূত) জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের জন্যও সূত্রস্থ স্মারকে অনুরোধ জানানো হয়। কিন্তু, এ সংক্রান্ত সেবা আউটসোর্সিং এর মাধ্যমে ক্রয় করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, গাইবান্ধা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত উল্লিখিত দু'টি পদ কবে শূন্য হয়েছে, এ সংক্রান্ত তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি, আউটসোর্সিং এর মাধ্যমে সুন্দরগঞ্জ সদর ডাকবাংলোতে নিরাপত্তা প্রহরী এবং কেয়ারটেকার সেবা গ্রহণের অনুমতি চেয়ে অর্থ বিভাগের নির্ধারিত ছকে (কপি সংযুক্ত) প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়ের প্রস্তাব প্রেরণের ছক।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, গাইবান্ধা

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।